

নং-৪৬.০০.৪৭০০.০৪২.১৪.১০৭.১৭.২৬৫৫


তারিখঃ ২৪ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
২৬ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরে খুলনা জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ খুলনা জেলা পরিষদের স্মারক নং-খুজেপ/প্রকৌঃ/এক-জি/২০১৭-১৮/১৩৫২, তারিখঃ ১৬/১১/২০১৭।

২০১৭-২০১৮ অর্থ বছরে খুলনা জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকায় গৃহীত নিজস্ব স্থাপনার প্রকল্প তালিকার ক্রমিক নং-১ এ বর্ণিত সহকারী প্রকৌশলীর বাস ভবন ২য় তলা সম্প্রসারণ সংক্রান্ত। সহকারী প্রকৌশলীর বাস ভবন কবে নির্মাণ করা হয়েছে; বর্তমান অবস্থা কি; ২য় তলা সম্প্রসারণের প্রয়োজন আছে কিনা তা জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। ৪০,০৫,০০০/- (চল্লিশ লক্ষ পাঁচ হাজার) টাকায় গৃহীত সমাজকল্যাণ খাতের প্রকল্প তালিকার ক্রমিক নং- ১, ২, ৩ এ বর্ণিত প্রকল্প ৩টি কম্পিউটার ও সেলাই প্রশিক্ষণ এবং সেলাই মেশিন বিতরণ সংক্রান্ত। ২০১৬-২০১৭ অর্থ বছরে কতজনের মধ্যে সেলাই প্রশিক্ষণ, সেলাই মেশিন বিতরণ এবং কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং এ ধরনের প্রশিক্ষণ প্রদানের ফলে প্রশিক্ষার্থীগণ কিভাবে উপকৃত হয়েছে, দারিদ্র নিরসনে কতটুকু সহায়ক হয়েছে তা জানানোর জন্যও অনুরোধ করা হলো।


২৪/১২/১৭

(আনজুমান আরা)

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, খুলনা।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।